# খালেদা জিয়ার শারীরিক অবস্থায় বড় পরিবর্তন নেই: ডা. জাহিদ



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার শারীরিক অবস্থায় উল্লেখযোগ্য কোনো অবনতি হয়নি বলে জানিয়েছেন তাঁর ব্যক্তিগত চিকিৎসক ডা. এ জেড এম জাহিদ হোসেন। তিনি জানান, আগের মতোই তাঁর অবস্থা স্থিতিশীল রয়েছে।

বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) দুপুরে রাজধানীর এভারকেয়ার হাসপাতালের সামনে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় ডা. জাহিদ বলেন, নিয়মিত চিকিৎসা ও প্রয়োজনীয় মেডিকেল সাপোর্ট পাওয়ায় খালেদা জিয়া বর্তমানে নিয়ন্ত্রণে আছেন। এই ধারাবাহিকতা বজায় থাকলে ধীরে ধীরে অবস্থার আরও উন্নতি হতে পারে বলে চিকিৎসকরা আশাবাদী।

তিনি আরও জানান, সর্বশেষ মেডিকেল বোর্ডের বৈঠকে চিকিৎসা পদ্ধতিতে কোনো পরিবর্তনের সিদ্ধান্ত আসেনি। আপাতত এভারকেয়ার হাসপাতালেই বিএনপি চেয়ারপারসনের চিকিৎসা চলবে এবং বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে তাঁকে নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।

ডা. জাহিদ হোসেন বলেন, বয়সজনিত জটিলতা ও দীর্ঘদিনের শারীরিক অসুস্থতার কারণে চিকিৎসা প্রক্রিয়া সতর্কতার সঙ্গে এগোচ্ছে। এ অবস্থায় তিনি খালেদা জিয়ার দ্রুত আরোগ্যের জন্য দেশবাসীর কাছে দোয়া কামনা করেন।

উল্লেখ্য, দীর্ঘদিন ধরে লিভার, কিডনি ও হৃদ্‌যন্ত্রসহ নানা জটিল শারীরিক সমস্যায় ভুগছেন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া। গত ২৩ নভেম্বর রাতে হঠাৎ শ্বাসকষ্ট দেখা দিলে তাঁকে জরুরি ভিত্তিতে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। এরপর থেকে তিনি সেখানেই বিশেষজ্ঞ চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণ ও চিকিৎসাধীন রয়েছেন।